# তোহফা

ছোটবেলায় হারানো আদরের উৎস যার অনুপস্থিতি আমাকে আজও ব্যাকুল করে তোলে তিনি আমাদের শ্রদ্ধেয় পিতা মরহুম মুহাম্মাদ নূরুল ইসলাম চৌধুরী, যিনি চির শায়িত আছেন কুমিল্লা জেলাধীন ব্রাহ্মণপাড়া উপজেলার মিরপুর গ্রামে। ঠিক বাড়ির উত্তর পাশের কবরস্থানে। উঠোন থেকে উত্তর দিকে তাকালেই সেই কবরস্থান চোখে পড়ে। কিন্তু এত নিকটে হওয়া সত্ত্বেও কোনো খোঁজ-খবর নিতে পারছি না কোনোভাবে; কেমন আছে তাও জানার সামর্থ্য নেই আমাদের। তাইতো শুধু দু'আ করছি মহান স্রষ্টা আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার দরবারে। হে আল্লাহ! আমাদের বাবাকে জান্নাতুল ফেরদাউসের একজন মেহমান করে নিও বিনা হিসাবে। পিতৃহীন সন্তানদের এ মিনতি রাখো তবে!

আর আমাদের মা "আলহামদু লিল্লাহ" বেঁচে আছেন আমাদের মাঝে। হে আল্লাহ! আমাদের মায়ের নেক হায়াত বৃদ্ধি করে দাও বহুগুণে। তিনি যখন পৃথিবী থেকে বিদায় নেবেন তখন তাকে নেবে কালিমা পাঠের মধ্য দিয়ে। সবশেষে দু'হাত তুলে আরেকবার প্রার্থনা করছি তোমার দরবারে।

رَبَّنَا اغْفِرْلِيْ وَلِوَالِدَيَّ وَلِلْمُؤْمِنِيْنَ يَوْمَ يَقُوْمُ الْحِسَابُ.

"হে আমাদের প্রতিপালক! যেদিন (চূড়ান্ত) হিসাব-নিকাশ হবে, সেদিন তুমি আমাকে, আমার পিতা-মাতাকে এবং সকল ঈমানদার মানুষদের (তোমার অনুগ্রহ দ্বারা) ক্ষমা করে দিও।" (আল কুরআন, সূরা ইবরাহীম, ১৪ : ৪১)

**জাবেদ মুহাম্মাদ**

# সূচি


০১. প্যারেন্টিং ॥ ১৯

০২. ইসলাম ধর্মে প্যারেন্টিং ॥ ১৯

০৩. মানব জীবন কী ॥ ২০

- ❖ জীবনের বিভিন্ন পর্যায়গুলো কী কী ॥ ২২
- ❖ পৃথিবীর বুকে মানুষ সৃষ্টির উদ্দেশ্য কী ॥ ২৩
- ❖ জীবনের সর্বশেষ গন্তব্য কোথায় ॥ ২৫

০৪. ছেলে-মেয়েদের জীবন গঠনে সুশিক্ষা দান ॥ ২৭

- ❖ ঈমান শিক্ষা দান ॥ ২৯
- ❖ শিরক থেকে সতর্কতা শিক্ষা দান ॥ ৩১
- ❖ আল কুরআন শিক্ষা দান ॥ ৩১
  - ▲ প্রতিদিন ভোরে কুরআন পাঠে উদ্বুদ্ধকরণ ॥ ৩৯
  - ▲ কুরআন তিলাওয়াতকারীর মর্যাদা জানানো ॥ ৪০
- ❖ আল হাদীস শিক্ষা দান ॥ ৪৩
- ❖ ছেলে-মেয়েদের একাডেমিক বই পাঠে উদ্বুদ্ধকরণ ॥ ৪৫
- ❖ নন-একাডেমিক বই পাঠে সতর্ককরণ ॥ ৪৬
- ❖ সালাম আদান-প্রদান শিক্ষা দান ॥ ৪৮
  - ▲ প্রথমে সালাম দেয়ার ফযীলত ॥ ৫৩
  - ▲ অমুসলিমদের সালামের জবাব দেয়া ॥ ৫৪
  - ▲ পেশাবরত অবস্থায় সালাম না দেয়া ॥ ৫৬
- ❖ সুন্দরভাবে কথা বলা শিক্ষা দান ॥ ৫৬
  - ▲ কথাবার্তায় বিনয়ী ও নম্র হওয়া ॥ ৫৮
  - ▲ তিনজন এক সাথে থাকলে দু'জনে কানে মুখে (গোপন) কথা না বলা ॥ ৬০
  - ▲ কথোপকথনে আলহামদু লিল্লাহ বলে প্রশ্নের জবাব দেয়া ॥ ৬১
- ❖ আদব কায়দা শিক্ষা দান ॥ ৬৩

▲ শিক্ষক-শিক্ষিকার প্রতি সম্মান ও কথা বলার আদব ॥ ৬৪
▲ বড়দের প্রতি সম্মান ও কথা বলার আদব ॥ ৭০
▲ ছোটদের প্রতি আদর-স্নেহ ও কথা বলার আদব ॥ ৭২
▲ সহপাঠী ও পাড়া-প্রতিবেশিদের সাথে চলাফেরার আদব ॥ ৭৪
❖ পবিত্রতা ও পরিচ্ছন্নতা ॥ ৭৭
❖ মানুষকে তুচ্ছ মনে না করা ॥ ৭৮
❖ উদ্ধত চলাফেরা না করা ॥ ৮১
❖ চাল-চলনে মধ্যম পন্থা অবলম্বন ॥ ৮৩
❖ জবাবদিহির চেতনাবোধ জাগ্রত হওয়া ॥ ৮৫
❖ ভাল কাজের আদেশ ও মন্দ কাজ থেকে বিরত থাকা ॥ ৮৭
❖ ভাল কাজের আদেশ ও মন্দ কাজে বাধাদানের কৌশল ॥ ৮৮
❖ ছেলে-মেয়েদের দায়িত্ব সচেতনতা ॥ ৮৯
❖ ছেলে-মেয়েদের সচ্চরিত্র গঠন ও নৈতিকতার শিক্ষা ॥ ৯০
❖ বন্ধু-বান্ধব সম্পর্কে সচেতনতা শিক্ষা ॥ ৯৩
❖ পিতা-মাতার প্রতি করণীয় সম্পর্কে শিক্ষা ॥ ১০০
❖ সকলের হক বা অধিকার সম্পর্কে শিক্ষা ॥ ১০১
❖ সর্বাবস্থায় আল্লাহর মুখাপেক্ষী হওয়া শিক্ষা ॥ ১০৬
০৫. ছেলে-মেয়েদের সু-অভ্যাস গঠন ॥ ১১১
❖ সত্য কথা বলায় অভ্যস্তকরণ ॥ ১১২
❖ সালাত আদায়ে অভ্যস্তকরণ ॥ ১১৭
❖ যাকাত ও ফিতরা আদায়ে প্রশিক্ষণ ॥ ১২১
❖ সিয়াম আদায়ে অভ্যস্তকরণ ॥ ১২৩
❖ পর্দা মেনে চলায় অভ্যস্তকরণ ॥ ১২৫
❖ আল্লাহর পথে সম্পদ ব্যয়ের সু-অভ্যাস গঠন ॥ ১২৮
❖ দীন দরিদ্রদের দান করার সু-অভ্যাস গঠন ॥ ১৩২
০৬. ছেলে-মেয়েদের আদর্শ জীবন গঠনে পিতা-মাতার সতর্কতা ॥ ১৩৬
❖ টাকা পয়সা হিসাব মতো দেয়া ॥ ১৩৬
❖ সর্বাবস্থায় ধৈর্যধারণে উদ্বুদ্ধ করা ॥ ১৩৭
❖ আদর-সোহাগ ও শাসনের সমন্বয়ে গড়া ॥ ১৩৮

❖ পিতা-মাতার কথোপকথন ও নীতিতে সমন্বয় রাখা ॥ ১৪০
❖ টেলিভিশন ও ডিশ চ্যানেলে অনুষ্ঠান দেখায় সতর্ক থাকা ॥ ১৪১
❖ ছেলে-মেয়েদের খেলাধুলা করা ও দেখায় সতর্ক থাকা ॥ ১৪৩
❖ ছেলে-মেয়েদের পিতার উপার্জন সম্পর্কে ধারণা দেয়া ॥ ১৪৪
❖ ছেলে-মেয়েদের ভিশন গঠনে সবাই মিলে সিদ্ধান্ত নেয়া ॥ ১৪৬
❖ ভিশন অনুযায়ী সবকিছুর ব্যবস্থা করা ॥ ১৪৭
❖ কম্পিউটার, ফোন ও মোবাইল ফোনের অপব্যবহাররোধে পিতা-মাতাকে সতর্ক থাকা ॥ ১৪৭

০৭. ছেলে-মেয়েদের গঠনে পিতা-মাতার কর্ম ও চারিত্রিক প্রভাব ॥ ১৪৯
❖ পিতা-মাতা আদর্শিক পেশায় নিয়োজিত থাকা ॥ ১৪৯
❖ পিতা-মাতা সুদ ও ঘুষ থেকে দূরে থাকা ॥ ১৫০
❖ পিতা-মাতা নেশা জাতীয় দ্রব্য সেবন থেকে দূরে থাকা ॥ ১৫১
❖ পিতা-মাতা ইবাদত গুজারী হওয়া ॥ ১৫৪
❖ পিতা-মাতার মাঝে ঐক্য ও সদ্ভাব বজায় থাকা ॥ ১৫৬
❖ পিতা-মাতার মাঝে দ্বন্দ্ব-কলহ না হওয়া ॥ ১৫৬
❖ পিতা-মাতা উভয়েই আদর্শিক মানদণ্ডে উন্নীত হওয়া ॥ ১৫৭
❖ পিতা-মাতা কোনো সংগঠন বা মতাদর্শের কর্মী হওয়া ॥ ১৫৮

০৮. পিতা-মাতা কর্তৃক আদর্শিক মিনার গড়ে যাওয়া ॥ ১৫৯
❖ জ্ঞান চর্চা কেন্দ্র হিসেবে পাঠাগার ও লাইব্রেরী গড়ে যাওয়া ॥ ১৬০
❖ সাদকায়ে জারিয়া হিসেবে কোনো কিছু গড়ে যাওয়া ॥ ১৬০
❖ ছেলে-মেয়েদের দ্বীনের উপর প্রতিষ্ঠিত থাকার আদর্শিক পরিবেশ গড়ে যাওয়া ॥ ১৬১
❖ দুনিয়ার বুকে আল্লাহর দ্বীনকে বিজয়ী করতে সকলকে সংঘবদ্ধ করা ॥ ১৬৪

০৯. মাথার চুল কাটা ॥ ১৬৫
❖ চুল সিঁথি ও আঁচড়িয়ে রাখা ॥ ১৬৬

১০. গোঁফ ও দাড়ি ছাটা ॥ ১৬৭

১১. হাত-পায়ের নখ কাটা ও তার সময়সীমা ॥ ১৬৯

১২. ছেলে-মেয়েদের উপহার দেয়া ॥ ১৭০
❖ উপহার পেয়ে আলহামদু লিল্লাহ বলা ॥ ১৭০

১৩. ভবিষ্যতে কোনো কিছু করার শপথে "ইনশাআল্লাহ" বলা ॥ ১৭১

১৪. নতুন জামা গায়ে দিয়ে দু'আ পড়া ॥ ১৭২
❖ রেশম বা সিল্কের কাপড় পরিধান না করা ॥ ১৭৩
❖ পোশাককে সভ্যতার উপকরণ হিসেবে পরিধান করা ॥ ১৭৩
১৫. পায়ে জুতা পরিধান ও খোলার নিয়ম পদ্ধতি জানা ॥ ১৭৪
১৬. পড়ালেখার নিয়ম ও স্মরণ শক্তি বৃদ্ধির দু'আ ॥ ১৭৫
১৭. বিছানায় ঘুমাতে যাওয়ার নিয়ম ও দু'আ পড়া ॥ ১৭৭
❖ শয়নের পূর্বে বিছানা ঝাড়া ॥ ১৭৭
❖ শোয়ার সময় দু'আ পড়া ॥ ১৭৮
❖ ডান গালের নিচে ডান হাত রেখে শোয়া ॥ ১৭৮
❖ ডান কাতে শোয়া ॥ ১৭৯
❖ ছেলে-মেয়েদের জন্য আলাদা শয়ন কক্ষের ব্যবস্থা করা ॥ ১৮০
❖ শয়নকালে আউযুবিল্লাহ এবং কুরআন তিলাওয়াত করা ॥ ১৮১
❖ চিৎ হয়ে শোয়ে এক পায়ের উপর অন্য পা রাখা ॥ ১৮১
❖ উপুড় হয়ে না শোয়া ॥ ১৮২
১৮. খাবার খাওয়ার নিয়ম ও খাবার খাওয়ার শুরুতে দু'আ পড়া ॥ ১৮২
❖ খাদ্যগ্রাস (লোকমা) নিচে পড়ে গেলে উঠিয়ে খাওয়া ॥ ১৮৩
❖ রাতে খাবার খেয়ে ঘুমানো ॥ ১৮৪
❖ পানি পান করার শিষ্টাচার ও বিধান ॥ ১৮৪
❖ ভাত খাওয়ার পর আঙ্গুল ও প্লেট চেটে খাওয়া ॥ ১৮৬
❖ দ্রুত খাবার খাওয়া ॥ ১৮৭
❖ একত্রিত হয়ে খাবার খাওয়া ॥ ১৮৭
❖ খাদ্যের দুর্নাম না করা ॥ ১৮৯
❖ খাবার খাওয়া শেষে দু'আ পড়া ॥ ১৮৯
১৯. দাঁত ব্রাশ বা মিসওয়াক করা ॥ ১৯০
২০. গৃহ থেকে বের হওয়ার নিয়ম পদ্ধতি শেখা ॥ ১৯১
❖ একাকী কোথাও সফর না করা ॥ ১৯২
❖ হঠাৎ কোনো দিকে দৃষ্টি গেলে তা ফিরিয়ে রাখা ॥ ১৯২
২১. গাড়ি বা যানবাহনে উঠে দু'আ পড়া ॥ ১৯৩
২২. নৌকা বা লঞ্চে উঠে দু'আ পড়া ॥ ১৯৪

## প্যারেন্টিং

Parenting ইংরেজী শব্দ। এর প্রতিশব্দ Child rearing. বাংলায় যার অর্থ সন্তান প্রতিপালন। এখানে Parenting বা এই Concept সম্পর্কে বিভিন্ন Dictionary তে বর্ণিত সংজ্ঞাগুলো হলো :

- ❑ Parenting means the rearing of children. It includes the methods, techniques which required in the rearing of children.
- ❑ Parenting means the process of taking care of children until they are old enough to take care of themselves: the things that parents do to raise a child.
- ❑ Parenting means:
    1. the raising of a child by its parents;
    2. the act or precess of becoming a parent;
    3. the taking care of someone in the manner of a parent.

## ইসলাম ধর্মে প্যারেন্টিং

প্যারেন্টিং হলো সন্তান ভূমিষ্ঠ হওয়া থেকে শুরু করে সাবালকত্ব পর্যন্ত তাদের শারীরিক গঠন, আবেগ, মন-মানসিকতা জীবনাচার এবং মেধা ও বুদ্ধিগত উন্নয়নের প্রক্রিয়া– যা জৈব সম্পর্কের দাবী। ইসলামে প্যারেন্টিং হলো সন্তান লালন-পালন তথা সন্তান প্রতিপালন কৌশল অর্থাৎ সন্তানদের জীবন গঠনে পিতা-মাতার সুষ্ঠু-সুন্দর ও গঠনমূলক চিন্তা-চেতনা ও কর্মের সমন্বয়। কেননা প্রকৃতিগতভাবেই সন্তানদের মাঝে পিতা-মাতার প্রতিচ্ছবি ও প্রতিফলন ফুটে উঠে। আর এজন্যেই সন্তানদের দাবী– সন্তানদের গঠনে পিতা-মাতাকেই হতে হয় সবচেয়ে বেশি মনযোগী।

মূলতঃ পৃথিবীর বুকে যতো ধর্ম ব্যবস্থা রয়েছে সকল ধর্মেই সন্তান গঠনে পিতা-মাতাকে সবচেয়ে বেশি দায়িত্বশীলতার নির্দেশ দেয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় পৃথিবীর সর্বশ্রেষ্ঠ গ্রন্থ আল-কুরআন ও আল-হাদীসে এ বিষয়ে পিতা-মাতার প্রতি সুস্পষ্ট নির্দেশনা রয়েছে, যার ভিত্তিতেই এই বইটি রচিত হয়েছে।

## মানব জীবন কী

মানব জীবন কী? মানব জীবনের সূচনা কখন? কিভাবে? কেন? তা আমাদের জানা দরকার। বিশেষ করে আমরা কোথায় ছিলাম, এখন কোথায়, কতদিন থাকব, কোথায় যাব, কেন যাব, সেখানে কতদিন থাকব, সেখানে কী হবে ইত্যাদি সম্পর্কে পৃথিবীর অধিবাসী হিসেবে আমাদের জানা উচিত। তাছাড়া অসীম অভাবের মাঝে সসীম সম্পদ নিয়ে হাবুডুবু আর অভাব পূরণে আরো চাই, আরো পেতে চাই শ্লোগানে অন্যের হক হরণ করে নিজেদের প্রয়োজন পূরণে বিভ্রান্ত এ পথে গমন করে যারা এগিয়ে চলছে সদর্পে তাদের মাথায় তো অবশ্যই জীবন পরিক্রমা সম্পর্কে জ্ঞান থাকা আবশ্যক। একমাত্র এ সম্পর্কে স্পষ্ট ধারণা ও যথার্থ জ্ঞানই মানব জাতিকে সমস্ত অন্যায় কর্ম চিন্তা থেকে ফিরিয়ে রেখে আদর্শিক নীতি নৈতিকতার সাথে দুনিয়ার এ ক্ষুদ্র জীবনে পথ চলতে সহায়তা করতে পারে। আর তাইতো স্বেচ্ছাচারী, অন্যের সম্পদ তথা হক হরণকারী হওয়া থেকে সবাইকে মুক্ত করে আদর্শ মানুষে পরিণত করে দুনিয়া ও আখিরাতের জীবনে সাফল্য ভোগ করার অধিকারী করতেই এ বইতে আলোচনার অবতারণা। আমি চাই আমাদের প্রিয় সম্পদ বর্তমান ও আগামীর ছেলে-মেয়েরা অবশ্যই এ সম্পর্কে যথার্থ জ্ঞান অর্জন করে আদর্শ মানুষে পরিণত হোক এবং তাদের নেতৃত্বে আগামীদের জন্যে আদর্শিক সমাজ ও রাষ্ট্র ব্যবস্থা গড়ে তুলতে সক্ষম হোক।

জীবন মানে হাসি-কান্না, জীবন মানে খাও দাও ফুর্তি করো যা ইচ্ছা তাই করো– এমন সব ধারণা। জীবন মানে ব্যক্তি মানুষের চিন্তা-চেতনা ও কর্ম বিশ্বাসের ভিত্তিতে গড়া নানা কথা, সেইসাথে আরও কত কী? যেমন :

Life is a Challenge – meet it.
জীবন একটি প্রতিদ্বন্দ্বিতা – অবতীর্ণ হও।
Life is a gift – accept it.
জীবন একটি উপহার – গ্রহণ করো।
Life is an adventure – dare it.
জীবন একটি দুঃসাহসিক অভিযান – এগিয়ে যাও।
Life is a sorrow – overcome it.
জীবন একটি দুঃখ – জয় করো।
Life is a tragedy – accept it.
জীবন একটি দুঃখদায়ক ঘটনা – মেনে নাও।

Life is a duty – perform it.
জীবন একটি দায়িত্ব – পালন করো।
Life is a game – play it.
জীবন একটি খেলা – খেলো।
Life is a mystery – unfold it.
জীবন একটি রহস্য – উন্মোচন করো।
Life is a song – sing it.
জীবন একটি গান – গাও।
Life is an opportunity – take it.
জীবন একটি সুযোগ – গ্রহণ করো।
Life is a promise – fulfill it.
জীবন একটি প্রতিজ্ঞা – পূর্ণ করো।
Life is a struggle – fight it.
জীবন একটি সংগ্রাম – লড়াই করো।
Life is a puzzle – solve it.
জীবন একটি ধাঁধা – সমাধান করো।
Life is a burden – bear it.
জীবন একটি বোঝা – বহন করো।
Life is a drink – enjoy it.
জীবন একটি মদের পেয়ালা – উপভোগ করো।
Life is a book – read it.
জীবন একটি বই – পড়ো।
Life is campaign – do it.
জীবন একটি প্রচারাভিযান – প্রচার করো।
Life is a play – act it.
জীবন একটি নাটক – অভিনয় করো।
Life is a mountain – climb it.
জীবন একটি পর্বতশৃঙ্গ – আরোহণ করো।

জীবন প্রসঙ্গে উল্লিখিত এ কথাগুলো স্বনামধন্য লেখক ও গবেষকদের। যেগুলো দেখে খুব সহজেই প্রতীয়মান হয় জীবন সম্পর্কে আমাদের ধারণা কত বিচিত্র! কিন্তু আসলে জীবন মানে কী? আসুন! ধর্মীয় দৃষ্টিকোণ থেকে একটু জানার চেষ্টা করি :